

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 09-10-2023**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**CM-Education:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠানে ছেলেমেয়েদের প্রকৃত মানুষ হিসেবে গড়ে তোলার শিক্ষা দেওয়া হয়। এক্ষেত্রে, শিক্ষক শিক্ষিকাদের গুরু দায়িত্ব পালন করতে হবে। গতকাল ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে মহারাজা বীরবিক্রম অডিটোরিয়ামে ত্রিপুরা রাজ্য, মহাবিদ্যালয় শৈক্ষিক সংঘের বার্ষিক সাধারণ সভার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, কেন্দ্রীয় সরকারের দিশায় রাজ্য সরকারও গুণগত শিক্ষার সম্প্রসারণে গুরুত্ব দিয়ে কাজ করছে। অনুষ্ঠানে ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডাঃ গঙ্গাপ্রসাদ প্রসেইন, ত্রিপুরা রাজ্য মহাবিদ্যালয় শৈক্ষিক সংঘের সাধারণ সম্পাদক তীর্থরাম রিয়াং প্রমুখ বক্তব্য রাখেন।

\*\*\*\*\*

**Co-operatives:**

কেন্দ্রীয় সমবায় মন্ত্রক, দেশের সকল রাজ্য এবং কেন্দ্র শাসিত অঞ্চলের সমবায় সমিতিগুলির নিবন্ধক এবং ১,৮৫১ টি কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কের কম্পিউটারাইজেশন ও ক্ষমতায়নের সিদ্ধান্ত নিয়েছে। পাশাপাশি, প্যাক্সগুলির মতো, ১৩টি রাজ্যের কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কগুলি কম্পিউটারাইজড করার লক্ষ্যে একটি সেন্ট্রালি স্পন্সরড স্কীমও অনুমোদন করা হয়েছে। প্রতিটি সমবায় সমিতি নিবন্ধকের কার্যালয়ে এই প্রকল্প, জাতীয় স্তরে একটি ইউনিফায়ড সফটওয়্যার-এর মাধ্যমে রূপায়িত হবে বলে,

মন্ত্রক জানিয়েছেন। সমবায় সমিতিগুলির পরিষেবা প্রদানের ক্ষেত্রে আরও দ্রুততা, সমতা ও সচ্ছতা আনার লক্ষ্যে কার্যকর এই প্রকল্পের আনুমানিক ব্যয় ধরা হয়েছে প্রায় ২২৫ কোটি টাকা।

\*\*\*\*\*

**CM**

**Melaghar:**

নৌকা বাইচ প্রতিযোগিতা, দূরপাল্লার সাঁতার প্রতিযোগিতা ও পুরুষ্কার বিতরণীর মধ্যে দিয়ে ৩ দিন ব্যাপী নীরমহল জল উৎসব ২০২৩, গতকাল শেষ হয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা গতকাল বিকেলে বিভিন্ন বিভাগের নৌকা বাইচ প্রতিযোগিতার সূচনা করেন। সন্ধ্যায় সমাপ্তি অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, ত্রিপুরার উন্নত কৃষ্টি-সংস্কৃতিকে বাঁচিয়ে রাখতে হবে। নৌকা বাইচ প্রতিযোগিতায় মহিলাদের অংশগ্রহণে, মুখ্যমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বিধায়ক কিশোর বর্মণ ও তফাজ্জল হোসেন, সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

**Koushalya**

**Mela:**

রাজ্যের শ্রমমন্ত্রী টিংকু রায় বলেছেন, রাজ্যের আর্থ-সামাজিক মান উন্নয়নে সঠিক পরিকল্পনা নিয়ে স্ব-সহায়ক দলগুলোকে কাজ করতে হবে। গতকাল কৈলাশহরে গৌরনগর ব্লক ভিত্তিক কৌশল মেলা'র উদ্বোধন করে তিনি একথা বলেন। ভারত সরকারের দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল্য যোজনা'র অধীনে আয়োজিত এই মেলায় S.H.G'র সদস্যরা, তাদের উৎপাদিত নানা সামগ্রী প্রদর্শন করেন। গতকাল উদ্বোধনী

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সহকারী সভাপতি শ্যামল দাশ, গৌরনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান নারান সিংহ প্রমুখ।

\*\*\*\*\*

**Sikim:**

সিকিমে সাম্প্রতিক বাঁধভাঙ্গা বন্যায় মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ৩০শো এর মধ্যে ৯ জন সেনা কর্মী। সিকিমের রাজ্য বিপর্যয় মোকাবেলা কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে এখনো পর্যন্ত ৮১ জন নিখোঁজ। ৩০টি ত্রাণ শিবিরে প্রায় ৭০২৫ জন আশ্রয় নিয়েছেন। এই বন্যায় ১৩টি সেতু ধ্বংস হয়েছে বলে জানা গেছে। সিকিমের অবস্থা যাচাইয়ের জন্য কেন্দ্রীয় সরকার পাঁচটি মন্ত্রকের উচ্চপদস্থ আধিকারিকদের নিয়ে, আন্ত-মন্ত্রক কমিটি গঠন করেছে। এই কমিটি গতকাল থেকে সিকিমের বর্তমান অবস্থা, ক্ষতি নিরূপণ, সাহায্যের পরিমাণ খতিয়ে দেখছে।

\*\*\*\*\*

**Animesh**

**Debbarma :**

রাজ্যের বিরোধী দলনেতা অনিমেস দেববর্মা গতকাল এক সাংবাদিক সম্মেলনে বলেছেন, আধার কার্ড ও পেন কার্ডের লিঙ্ক-এর জন্য মাথাপিছু যে ১০০০ টাকা করে নেওয়া হচ্ছে, তা যেন কমিয়ে ২০ টাকা বা ৫০ টাকা করা হয়। বিষয়টি কেন্দ্রীয় সরকারের নজরে আনার জন্য, তিনি রাজ্য সরকারের কাছে দাবি জানান। শ্রী দেববর্মা রাজ্যে বিদ্যুৎ মাশুল বৃদ্ধিরও সমালোচনা করেন।

\*\*\*\*\*

**Khowai Police:**

নেশা বিরোধী অভিযানে অপারেশন সঞ্জীবনী প্রকল্পে খোয়াই থানার পুলিশ গতকাল সন্ধ্যায় লালছড়া এলাকায় অভিযান চালিয়ে হিরোইন, দু লক্ষ টাকা, একটি ডেগার সহ এক যুবককে গ্রেফতার করেছে। ধৃত যুবকের নাম সুদীপ দেববর্মা। তার বাড়ি বেলছড়া এলাকায়। খোয়াই মহকুমা পুলিশ আধিকারিক পৃষণ কান্তি মজুমদার জানিয়েছেন, খোয়াই লালছড়ার বাসিন্দা নেপাল দেবের বাড়িতে এই অভিযান চালানো হয়। অভিযানের আগেই নেপাল দেব বাড়ি ছেড়ে পালায়। ধৃত যুবকের বিরুদ্ধে এন ডি পি এস ধারায় মামলা নেওয়া হয়েছে।

\*\*\*\*\*

**Weather :**

আগরতলা ও তার আশেপাশে আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ বিক্ষিপ্তভাবে বৃষ্টি হতে পারে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩১ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*